আজকের কাগজ 45

তারিখ ...28 JAN 1996...
পৃষ্ঠা ...৪... কলাম ...১...

## মহৎ ব্যক্তিত্ব ও শিক্ষা ভাবনা প্রসঙ্গে

৩০ লাখ প্রাণের বিনিময়ে অর্জিত হয়েছে বাংলাদেশ। কিন্তু পরিতাপের বিষয় বর্তমানের বাংলাদেশে খুঁজে পাওয়া দুষ্কর একজন দেশপ্রেমিক ব্যক্তি। দেশের প্রতিটি ক্ষেত্রে আজ সত্যিকারের দরদী ব্যক্তির অভাব। বিশেষ করে জাতির মেরুদণ্ড শিক্ষার ক্ষেত্রে বিরাজ করছে লোভ, দুর্নীতি, অবিচার, প্রতারণা ইত্যাদি। ন্যায়নীতির ধারক-বাহক যে শিক্ষকগোষ্ঠী তারা আজ অর্থের লালসায় বিভিন্নমুখী অপপ্রয়াসে লিপ্ত। জ্ঞানান্বেষী ছাত্রছাত্রী ও অভিভাবকদের যাঁতাকলে ফেলে অর্থ লুটে নিচ্ছেন।

পৃথিবীতে যেমন সুযোগ সন্ধানী মানুষ আছে তেমনি আছে নিঃস্বার্থ ব্যক্তি। এসওএস হারম্যান মেইনার কলেজের প্রতিষ্ঠাতা হারম্যান মেইনার তেমনি একজন নিঃস্বার্থ ব্যক্তিত্ব। এই মহান ব্যক্তির আদর্শ আমাদের শিক্ষক সমাজ ও আমরা অনুসরণ করতে পারি? কিন্তু তা না হয়ে আমরা আদর্শচ্যুত অর্থলোলুপ ব্যক্তিত্বে পরিণত হচ্ছি প্রতিনিয়তই।

পত্রিকার মাধ্যমে জানতে পারি, এই কলেজের শিক্ষা-প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা কঠোর আইন প্রণয়ন করে নিজ শিক্ষালয়ের ছাত্রদের দ্বারা ঐ প্রতিষ্ঠানের শিক্ষকদের 'কোচিং সেন্টার' পরিচালনা রোধের ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু কর্তৃপক্ষের সে প্রচেষ্টাও ব্যর্থ হতে চলেছে। '২/১ জন শিক্ষক ছাড়া বাকি সকলে তাদের পরিকল্পিত কোচিং সেন্টারের সঙ্গে সম্পৃক্ত। অথচ ছাত্রছাত্রিরা বাড়িতে সমস্যা সমাধানে ব্যর্থ বিষয়ের সুষ্ঠু সমাধানের জন্যে নিজ প্রতিষ্ঠানের শিক্ষকদের কাছেও আসে না। অধিকাংশ ছাত্র-ছাত্রি আসে শুধু মাত্র পরীক্ষার খাতায় ভালো নম্বর পাওয়ার আশায়। অথবা পাস করার আশায়। কারণ তাঁদের কাছে না পড়লে পরীক্ষায় ভালো নম্বর আসে না। শিক্ষকদের বক্তব্য হলো খাতায় নম্বর দেয়ার মতো কোনো লেখা না থাকলে দিবেন কোথায়? খাতায় যাতে নম্বর দেয়া যায় সে জন্যে কোচিং-এর সদস্যদের দেয়া হয় বিভিন্ন ধরনের নোট, পয়েন্টস, সাম্প্রতিক গুরুত্বপূর্ণ তথ্য। কিন্তু এসব বিষয়ের সামান্য কিছু কি ক্লাসের ছাত্রদের দেয়া যায় না? দিলে তো উদ্দেশ্য সিদ্ধি হবে না!

এরূপ নীতি বিবর্জিত জ্ঞানশূন্য কাজ করে শিক্ষকরা কি করে ছাত্রদের আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলবেন? ছাত্র-শিক্ষক সম্পর্ক কি শুধুমাত্র টাকার মাধ্যমেই গড়ে ওঠে? যদি তাই হয় তবে বাংলাদেশ কিভাবে সোনার দেশে- শান্তির দেশে পরিণত হবে? যে দেশকে রক্তের বিনিময়ে ফিরে পেয়েছি সে দেশে কি আদর্শবান শিক্ষকদের খুঁজে পাওয়া যাবে না? তাহলে আমরা যারা সবেমাত্র যাত্রা শুরু করেছি বৃহত্তর শিক্ষাঙ্গনের দিকে-তারা কোথায় যাবো? কোথায় পাবো প্রকৃত শিক্ষার পরিবেশ?

**ফারজানা সোহেল**
*মিরপুর, ঢাকা।*